Progetto cofinanziato da

UNIONE EUROPEA

REGIONE PIEMONTE

MINISTERO DELL'INTERNO

Fondo Europeo per l'integrazione di cittadini di Paesi terzi

PROGETTO PETRARCA(4)

PIANO REGIONALE PER LA FORMAZIONE CIVICO LINGUISTICA DEI CITTADINI DI PAESI TERZI

বয়স্ক বিদেশী অভিবাসীদের জন্য সচেতন মূলক গাইড

স্বাস্থ্য

in collaborazione con

Ministero dell'Istruzione, dell'Università e della Ricerca
Ufficio Scolastico Regionale per il Piemonte
Direzione Generale

স্বাস্থ্য

Rif. SEZIONE B Vita civile in Italia -sanità e servizi sociali

ইতালিয়ান সংবিধানের ৩২ অনুচ্ছেদ

ইতালিয়ান প্রজাতন্ত্র ব্যক্তি ও সবার স্বার্থে সকলের জন্য স্বাস্থ্য সেবা অধিকার সংরক্ষণ করেছে । প্রজাতন্ত্র সম্পূর্ণ বিনামুল্যে চিকিৎসা সেবা প্রদানের নিশ্চয়তা প্রদান করে বেকার কিংবা অর্থনৈতিক সমস্যা থাকলে ।

স্বাস্থ্য সেবা পেতে হলে আপনাকে অবশ্যই জাতীয় স্বাস্থ্য সেবা তে (s.s.n.)
নিবন্ধন করতে হবে।

কোথায় নিবন্ধন করবেন ?

ASL বা (স্থানীয় স্যানিটারি বা স্বাস্থ্য সেবা সংস্থা / কেন্দ্র)

যেসব ডকুমেন্টস আপনার সাথে রাখবেন :

- ইতালিয়ান পরিচয় পত্র, পাসপোর্ট
- পেরমেস্সো দি সোজরনো অথবা তা নবায়নের রিচেভুতা বা রসিদ
- কদিচে ফিসকালে
- আপনার ইতালিয়ান পরিচয় পত্র না থাকলে আপনার বর্তমান বাসস্থানের সত্যায়ন পত্র বা আউতোচেরতিফিকাতসিওনে।

PROGETTO PETRARCA(4)
PIANO REGIONALE PER LA FORMAZIONE CIVICO LINGUISTICA DEI CITTADINI DI PAESI TERZI

স্যানিটারি কার্ড

কেন প্রয়োজন :

- ব্যক্তিগত চিকিৎসক পেতে হলে
- সব ধরনের বিশেষ ডাক্তারি পরীক্ষা নিরী জন্য
- হাসপাতালে ভর্তি হতে
- জরুরী চিকিৎসা সেবা পেতে হলে
- টিকা দিতে হলে
- রক্ত পরীক্ষা, রাডিওগ্রাফি, একোগ্রাফি ইত্যাদি

  প্রেসক্রিপশন অনুযায়ী বিনামূল্যে ঔষধ কিনতে হলে
- রিহ্যাবিলিট্যাশন
- স্ত্রী রোগ ও প্রসূতি বিষয়ক

  পরামর্শ কেন্দ্র বা

  কনসুলতোরিও

সতর্ক বানী !

কিছু ভিজিট ও ঔষধের জন্য আপনাকে অবশ্যই টাকা দিতে হবে ।

আপনি কিছু বিশেষ রোগ, শতভাগ কর্ম ক্ষমতাহীন হলে বা অর্থনৈতিক প্রতিবন্ধকতার কারনে প্রমান সাপেক্ষে বিনামূল্যে সেবা গুলো পেতে পারেন।

আপনার যদি ইতালিতে থাকার বৈধ কাগজ বা সজোরনো না থাকলেও

আপনার অধিকার আছে নিম্নলিখিত সেবা গ্রহনের :

- জরুরী চিকিৎসা, হাসপাতাল ও এ্যাম্বুলাটোরী
- শিশুদের চিকিৎসা
- টিকাদান
- মহিলাদের গর্ভধারণ কালীন সময় থেকে প্রসব পরবর্তী সেবা (গর্ভবতী মহিলা সাময়িক সময়ের জন্য একটি সোজরনো পেতে পারেন যা বাচ্চার জন্মের পরবর্তী ৬ মাস বয়স পর্যন্ত মেয়াদ থাকবে)

আপনার সাথে কোন ডকুমেন্ট নাই ?

আপনাকে বলতে হবে

নাম,পারিবারিক নাম, লিঙ্গ, জন্মতারিখ, জাতীয়তা

আপনার কি ইতালিতে থাকার বৈধ কাগজ বা সজোরনো নাই ?

আপনি কোথায় যাবেন ?

ই.সি.ই কাউন্টার **ISI**

(অভিবাসী স্যানিটারী বা স্বাস্থ্য সংক্রান্ত তথ্যাবলী)

কোথায় ? কোন কোন আ.এস.এল.(A.S.L.) থেকে এস.টি.পি.(S.T.P.) কার্ড দেয়া হয়ে থাকে

(স্বল্প মেয়াদে অবস্থানকারী বিদেশী বা অবই)

কার্ডের মেয়াদ ৬ মাস নবায়নযোগ্য

ই.সি.ই কাউন্টার ISI গুলোতে বিভিন্ন ভাষায় দোভাষী রয়েছেন

মনে রাখিবেন স্বাস্থ্য সেবা কেন্দ্র গুলো থেকে পুলিশকে কখনও জানানো হয়না ।



পারিবারিক বা ব্যক্তিগত চিকিৎসক

প্রাপ্ত বয়স্কদের জন্য

শিশু চিকিৎসক

শিশুর ০ থেকে ১৪ বছর বয়স পর্যন্ত

পারিবারিক বা ব্যক্তিগত চিকিৎসক এবং পারিবারিক শিশু চিকিৎসক বা পেদিয়াত্রা সোমবার থেকে শুক্রবার পর্যন্ত তাদের নিজ নিজ চেম্বারে বা নির্দিষ্ট কার্যালয়ে (এ্যাম্বুলাটরী) সিরিয়াল অথবা এ্যাপয়েনমেন্ট অনুযায়ী ।

ব্যক্তিগত বা পারিবারিক চিকিৎসকের করনীয় বা দায়ি



- প্রয়োজনে **ভিজিট** করা বা রোগী দেখা
- ঔষধের **প্রেসক্রিপশন** দেয়া
- **স্পেশাল ও জরুরী** ডাক্তারি পরীক্ষার জন্য **প্রেসক্রিপশ**
- ডাক্তারি বা মেডিক্যাল **সার্টিফিকেট** প্রদান
- চিকিৎসা বিষয়ক তথ্যাবলি প্রচার বা রোগীকে জ্ঞাত করা
- **নিশ্চিতকরণ প্রিভেনশন** (বিশেষ কিছু টিউমারের চেক আপ)

আপনি কি অনেক অসুস্থ ?

আপনার ব্যক্তিগত চিকিৎসক কে ফোন করতে পারেন আপনার বাড়ীতে এসে ভিজিট করতে।

আপনি কি অনেক অসুস্থ কিন্তু আপনার ডাক্তার ছুটির দিনের কারনে নাই ?



তাহলে গুয়ারদিয়া মেদিকা তে ফোন করতে পারেন (শুধু শনি ও রবিবার এবং অন্যান্য দিন রাত ০৮.০০টা থেকে সকাল ৮.০০টা)

কোন ধরনের দুর্ঘটনায় পতিত হয়েছেন?

এবং আপনি মারাত্মক ভাবে আহত হয়েছেন ?

আপনি যে কোন হাসপাতালের জরুরী চিকিৎসা কেন্দ্র বা প্রন্ত সক্করসের শরণাপন্ন হতে পারেন অথবা ১১৮ তে এ্যাম্বুলেন্সের জন্য ফোন করতে পারেন

এ্যাম্বুল্যান্স আপনাকে নিয়ে যাবে জরুরী চিকিৎসা কেন্দ্রে

যেখানে চিকিৎসকেরা আপনাকে সেবা দান করবেন

PROGETTO PETRARCA(4)
PIANO REGIONALE PER LA FORMAZIONE CIVICO LINGUISTICA DEI CITTADINI DI PAESI TERZI

জরুরী চিকিৎসা কেন্দ্রে আপনাকে একটি কোড দেয়া হবে

লাল কোড / মারাত্মক অসুস্থ

হলুদ কোড / মোটামোটি মারাত্মক অসুস্থ

সবুজ কোড / অসুস্থ কিন্তু মারাত্মক না

সাদা কোড /
জরুরী চিকিৎসা সেবার আওতায় পড়েনা :
তাই আপনাকে **টিকেট পরিশোধ** করে সেবা নিতে হবে

PROGETTO PETRARCA(4)

শিশুদের টিকা দান

নিম্নলিখিত টিকা সমূহ দেওয়া শিশুদের জন্য বাধ্যতামূলক :

- পোলিও
- টিটেনাস
- ডিপথেরিয়া
- হেপাটাইটিস বি

উল্লেখিত টিকাদান করা হয় সম্পূর্ণ বিনামূল্যে আ.এস.এল. কর্তৃক নির্দেশিত ঠিকানায় যা শিশুর বাবা মাকে অগিম জানিয়ে দেয়া হয়।

পারিবারিক চিকিৎসা

পারিবারিক স্বাস্থ্য বিষয়ক পরামর্শ কেন্দ্র

মহিলাদের জন্য সেবা ,

স্ত্রী রোগ সংক্রান্ত ভিজিট, গর্ভাবস্থা, প্রসবাবস্থা, গর্ভপাত

জন্মনিরোধক ও জন্মবিরতিকরন সম্পর্কিত তথ্য

শিশু স্বাস্থ্য বিষয়ক পরামর্শ কেন্দ্র

শিশুদের জন্য সেবা

নবীনদের বা কিশোর কিশোরীদের জন্য সেবা

কিশোর কিশোরীদের ব্যক্তিগত, বয়সন্ধিক্ষনের মনোরোগ বিষয়ক সহায়ত পরামর্শ প্রদান ,

পারিবারিক অথবা বিদ্যালয় সংক্রান্ত

এই পরামর্শ কেন্দ্র বা কন্সুলতোরিও সম্পূর্ণ **বিনামূল্যে** সেবা প্রদান করে ভাষাগত সমস্যা হলে

প্রয়োজনে একজন **দোভাষী** সেবা **বিনামূল্যে** প্রদান করা হয়ে থাকে ।

PROGETTO PETRARCA(4)

সামাজিক সেবা বা সোশ্যাল সার্ভিস

এখানে বিভিন্ন ধরণের সমস্যার সমাধান করা হয়

- **বিদেশী বা অভিবাসী অফিস :** এখানে বিদেশীদের সমস্যা সমাধান করা হয়
- **বিদেশী বা অপ্রাপ্ত বয়স্ক বিদেশীদের জন্য অফিস :** এখানে পরিবারহীন অপ্রাপ্তবয়স্কদের সাহায্য করা হয়

- **সমস্যাগ্রস্থ প্রাপ্তবয়স্ক বিদেশীদের জন্য সেবা :** গৃহহীন এবং অর্থনৈতিক সমস্যাগ্রস্থদের সেবা প্রদান করা হয়

- **প্রতিবন্ধী সার্ভিস বা সেবা:** প্রতিবন্ধীদের সাহায্য সেবা সংক্রান্ত তথ্যাবলী প্রদান করা হয়

- **বৃদ্ধ বৃদ্ধা বা বয়স্কদের জন্য সংরক্ষিত সেবা :** স্বজন হিন বা অসহায় বয়স্কদের ও চলৎশক্তি হীন বয়স্কদের সেবা প্রদান করা হয় ।